

## পহেলা রমজান থেকে ছিটমহলে ১০০ শিক্ষাকেন্দ্র চালু হচ্ছে

■ রংপুর অফিস  
যুগ যুগ ধরে বিকৃত  
ছিটমহলেতে শিক্ষার আলো  
ছড়াতে প্রথমে এগিয়ে এলো  
ইসলামিক ফাউন্ডেশন। ১১১টি  
ছিটমহলের শিশুদের জন্য ১০০টি  
শিক্ষাকেন্দ্র স্থাপনের বিষয়টি চূড়ান্ত  
করা হয়েছে। পহেলা রমজান থেকে  
এসব শিক্ষাকেন্দ্র চালু হচ্ছে।  
মাদ্রাসা শিক্ষার আদলে  
মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা  
কার্যক্রম প্রকল্পের মাধ্যমে এ  
কার্যক্রম শুরু হবে।  
ইসলামিক ফাউন্ডেশন রংপুর  
বিভাগীয় কার্যালয়ের পরিচালক  
মো. আবুল কালাম জানান,  
প্রাথমিক অবস্থায় এই শিক্ষা  
কার্যক্রম মসজিদ অথবা কারও  
বাড়িতে চালু করা হবে। প্রতিদিন  
আড়াই ঘণ্টা করে পাঠদান চলবে।  
শিক্ষকদের আপাতত ২ হাজার  
৩০০ টাকা করে সম্মানী দেওয়া  
হবে। ছিটমহলবাসী, যুগ যুগ ধরে  
শিক্ষাসহ নানা দিক থেকে  
অবহেলিত ছিল। তারা শিক্ষার

ন্যূনতম সুবিধাও পায়নি।  
অশিক্ষাসহ নানা সমস্যায় জর্জরিত  
ছিল ছিটমহলের বাসিন্দারা। এসব  
অসহায় মানুষের সাধারণ এবং  
নৈতিক শিক্ষার দ্বার উন্মোচন  
করতে ইসলামিক ফাউন্ডেশন  
মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা  
কার্যক্রম প্রকল্পের মাধ্যমে ১১১টি  
ছিটমহলের অধিবাসীদের জন্য  
১০০টি শিক্ষাকেন্দ্র চালু করছে।  
তিনি আরও জানান, পর্যায়ক্রমে  
এসব এলাকায় মাদ্রাসা শিক্ষার  
আদলে ৫য় শ্রেণী পর্যন্ত চালু করা  
হবে।  
বাংলাদেশ-ভারত ছিটমহল  
বিনিময় সমন্বয় কমিটির আহ্বায়ক  
মাইনুল হক এ উদ্যোগকে স্বাগত  
জানিয়ে বলেন, আনুষ্ঠানিকভাবে  
ছিটমহল হস্তান্তরের আগে শিক্ষার  
আলো জ্বালানো শুরু হওয়ায় আমরা  
আনন্দিত। তিনি প্রাক-প্রাথমিক  
শিক্ষার পূরণার্থী প্রাথমিক  
বিদ্যালয় ও উচ্চ বিদ্যালয় স্থাপনের  
ব্যাপারেও উচ্চ বারবর্হা নিতে  
সরকারের কাছে দাবি জানান।